

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 25-12-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Task Force-CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, দারিদ্র্য দূরীকরণ, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং কৃষি পণ্য রপ্তানির সম্ভাবনা সৃষ্টি করার লক্ষ্যে সমগ্র উত্তর পূর্বাঞ্চলের জন্য একটি সমন্বিত উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। গতকাল কেন্দ্রীয় উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রক বা ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়ার পৌরহিত্যে অনুষ্ঠিত উত্তর পূর্বাঞ্চল রাজ্যগুলির কৃষি ও উদ্যান বিষয়ক উচ্চ পর্যায়ের টাঙ্ক ফোর্সের ভার্চুয়াল বৈঠকে মুখ্যমন্ত্রী একথা বলেন। তিনি উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির নিজস্ব উৎপাদিত উদ্যানজাত জি.আই স্বীকৃত ফসলগুলির ভ্যালুচেইন গড়ে তুলতে গুরুত্ব আরোপ করেছেন। এক্ষেত্রে 'ঘাচারযালি নর্থ ইস্ট' নামে একটি অভিন্ন ব্র্যান্ড তৈরির বিষয়েও মুখ্যমন্ত্রী অভিমত ব্যক্ত করেন। তিনি বলেন, 'ঘাচারযালি নর্থ ইস্ট' নামে ব্র্যান্ডের অধীনে যুক্ত করলে উত্তর-পূর্বাঞ্চলের কৃষিজাত পণ্য বিশেষ পরিচিতি লাভ করবে।

Greetings-Christmas Day :

আজ বড়দিন। খৃষ্টধর্মের প্রবর্তক যীশুখ্রীষ্টের জন্মদিন। বড়দিন উপলক্ষ্যে রাজ্য বিভিন্ন গীর্জা ও প্রার্থনা স্থলে ব্যাপক আয়োজন করা হয়েছে। মরিয়ম নগর সহ বিভিন্ন জায়গায় গভীর রাত থেকে বিশেষ অনুষ্ঠান এবং মেলার আয়োজনে জাতি ধর্ম নির্বিশেষে সমস্ত অংশের মানুষের অংশ গ্রহণ লক্ষ্য করা গেছে। এই উপলক্ষ্যে রাজ্যপাল ইন্দ্রসেনা রেজিড নাল্লু ও মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা রাজ্যবাসীকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা

বার্তায় রাজ্যপাল যীশুশ্বাস্ত্রের জন্মদিনে সৌভাগ্য, শান্তি ও সহনশীল হয়ে সমস্ত মানবজাতির জন্য উজ্জ্বল ভবিষ্যৎ গড়ার লক্ষ্যে অঙ্গীকারবদ্ধ হওয়ার আহ্বান জানান।

Festival-Rail :

উৎসবের মরসুমে যাত্রীদের অতিরিক্ত ভিড় সামাল দিতে, উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে বড়দিন ও নববর্ষ ২০২৬ উপলক্ষে চালু করা আগরতলা-গুয়াহাটি-আগরতলা বিশেষ ট্রেনের চলাচল এবং পরিষেবার মেয়াদ বৃদ্ধি করার সিদ্ধান্ত নিয়েছে। এরফলে আগরতলা -গুয়াহাটি-আগরতলা উভয় দিকে ৯টি করে ট্রিপের জন্য চালু থাকবে। এই ট্রেনগুলি বর্তমান নিয়ম অনুযায়ী চলাচল করবে।

আগরতলা-গুয়াহাটি সান্তানিক স্পেশাল ট্রেনটি আগামী পঞ্জিয়া জানুয়ারি থেকে ২৬শে ফেব্রুয়ারি পর্যন্ত প্রতি বৃহস্পতিবার সন্ধ্যা ৭টায় আগরতলা থেকে যাত্রা শুরু করে এবং পরের দিন সকাল ৮টা ৪৫ মিনিটে গন্তব্যস্থল গুয়াহাটি পৌঁছুবে। এই ট্রেনগুলির রুট, স্টপেজ এবং সময়সূচী সম্পর্কে বিস্তারিত তথ্য আইআরসিটিসি ওয়েবসাইট এবং উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও পাওয়া যাবে।

CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, মুখ গহৰ ও দাঁতের রোগ সম্পর্কে মানুষকে সচেতন করার দায়িত্ব নিতে হবে দন্ত চিকিৎসকদের। জাতীয় দন্ত চিকিৎসক দিবস উপলক্ষে গতকাল আগরতলার প্রজ্ঞা ভবনে দুদিনের বার্ষিক ডেন্টাল কনফারেন্সের উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী তাঁর

বক্তব্যে মুখ গহবর ও দাঁতের রোগের অত্যধুনিক চিকিৎসা পরিষেবার
সম্পর্কে বিস্তারিত উল্লেখ করেন।

Home Minister Amit Shah :

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, মাদক ও মানব পাচার, সাইবার
অপরাধ এবং সংগঠিত অপরাধের বিরুদ্ধে লড়াইয়ে সরকার রাজ্যগুলোর পাশে
অবিচলভাবে দাঁড়িয়ে আছে। শ্রী শাহ বলেন, কয়েক বছর আগে দেশের
আইনশৃঙ্খলার ক্ষেত্রে তিনটি বড় চ্যালেঞ্জ ছিল – বামপন্থী উগ্রবাদ, জন্মু ও
কাশ্মীরে সন্ত্রাসবাদ এবং উত্তর-পূর্বাঞ্চলের সশন্ত গোষ্ঠীগুলো। পাঞ্চকুলায় একটি
অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে গতকাল তিনি বলেন, বর্তমান সরকার গঠনের ১০
বছর পর এই তিনটি অঞ্চলেই শান্তি বিরাজ করছে এবং দেশ এই তিনটি ফ্রন্টেই
নিরাপদ।

Drama- Minister:

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আয়োজিত 27তম রাজ্য ভিত্তিক নাট্য
উৎসব গতকাল রাতে উদয়পুরে শেষ হয়েছে। উদয়পুরের রাজৰ্ফ কলক্ষেত্রে
গত 10 ডিসেম্বর মুখ্যমন্ত্রী ডাক্তার মানিক সাহা পক্ষ কাল ব্যাপি রাজ্য ভিত্তিক
নাট্য উৎসবের সূচনা করেছিলেন। রাজ্যের বিভিন্ন জেলা থেকে 32 টি নাট্য দল
অংশ নেয়। প্রধান অতিথির ভাষণে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেন, রাজ্য
সরকার জাতি ও জনজাতি সকল অংশের কৃষ্ণ ও সংস্কৃতির সার্বিক উন্নয়নে
গুরুত্ব দিয়ে নানা পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়িত করছে।

Meeting-TB Mukto Tripura :

পশ্চিম ত্রিপুরা জেলাকে টিবি মুক্ত করার লক্ষ্যে গতকাল আগরতলায় জেলাশাসকের কার্যালয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। জিলা পরিষদের সভাধিপতি বিশ্বজিৎ শঙ্কীলের পৌরোহিত্যে অনুষ্ঠিত এই বৈঠকে টিবি রোগী শনাক্তকরণ, সঠিক চিকিৎসা নিশ্চিত করা এবং আন্তর্জাতিক ব্যক্তিদের সামাজিক সহায়তা প্রদানের উপর বিশেষ জোর দেওয়া হয়। উপস্থিত ছিলেন জেলাশাসক ডাঃ বিশাল কুমার ও স্বাস্থ্য দপ্তরের আধিকারিকগণ।

G RAM G-Sepahijala :

পঞ্চায়েত মন্ত্রী কিশোর বর্মন জানিয়েছেন বিকশিত ভারত জি. রাম. জি গ্রামীণ আইন গরিব অংশের মানুষদের আন্তর্জাতিক করার ক্ষেত্রে এক বৃহৎ পরিকল্পনা ও যুগান্তকারী পদক্ষেপ। এই আইনের মাধ্যমে আগামী দিনে রাজ্যের প্রতিটি গ্রামীণ এলাকার মানুষ কি কি সুফল পেতে চলেছেন তা তুলে ধরার জন্য সারা দেশের সঙ্গে গতকাল রাজ্যে প্রতিটি গ্রাম পঞ্চায়েতে অনুষ্ঠিত হয়েছে বিশেষ গ্রামসভা। গতকাল আকাশবাণীর সিপাহীজলা জেলার প্রতিনিধি অভিজিৎ বর্ধনকে দেয়া এক সাক্ষাৎকারে পঞ্চায়েত মন্ত্রী একথা জানান। তিনি বলেন, এই নুতন আইনে ১২৫ দিনের কাজের সংস্থান রাখা হয়েছে।

Weather :

আজ আকাশ প্রধানত পরিষ্কার থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। রাজ্যের পাঁচ জেলার কিছু স্থানে ঘন কুয়াশা পড়ার পূর্বাভাস রয়েছে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৪.২ ডিগ্রি সেলসিয়াস।
